# বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।

**বিষয়ঃ বিপিসি কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা (২০২৪-২০২৫) এর লক্ষ্যমাত্রা অনুযায়ী নৈতিকতা কমিটি'র ১ম সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতিঃ | জনাব মোঃ আমিন উল আহসান, চেয়ারম্যান, বিপিসি। |
| তারিখঃ | ২১/০৮/২০২৪ |
| সময়ঃ | বেলা ১১.১৫ ঘটিকা |
| সভার স্থানঃ | বিপিসি'র প্রধান কার্যালয়ের বোর্ড রুম |
| উপস্থিতির তালিকা | সংযুক্ত |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে নৈতিকতা কমিটির সদস্য-সচিব বিপিসি কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল ২০২৪-২০২৫ অর্থ বছরের লক্ষ্যমাত্রা সভায় উপস্থাপন করেন। কমিটির সদস্যবৃন্দ ২০২৪-২০২৫ অর্থ বছরে শুদ্ধাচার কর্মপরিকল্পনায় নির্ধারিত কর্মসম্পাদন সূচকসমূহ নিয়ে বিস্তারিত আলোচনা করেন এবং এর নির্ধারিত লক্ষ্যমাত্রাসমূহ মন্ত্রিপরিষদ বিভাগের গাইডলাইন অনুযায়ী যথাযথ রয়েছে মর্মে একমত পোষণ করেন। কর্মপরিবেশ উন্নয়ন এবং স্বচ্ছতা বৃদ্ধিকরণ কার্যক্রমের অংশ হিসেবে যে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে তা অর্জনের জন্য নৈতিকতা কমিটির সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্র.নং | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ/শাখা |
|---|---|---|---|
| ২.০১ | **দাপ্তরিক কক্ষ ও অফিস চত্বর নিয়মিত পরিষ্কারকরণ এবং জীবাণুমুক্তকরণঃ** বিপিসি'র প্রধান কার্যালয়ের অফিস কক্ষসমূহ এবং আনুসাঙ্গিক কক্ষাদি নিয়মিত পরিষ্কার এবং জীবাণুমুক্তকরণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | সাপ্তাহিকভাবে ছুটির দিনে অফিসকক্ষ এবং অফিসপ্রাঙ্গন পরিষ্কার এবং জীবাণুমুক্তকরণের উদ্যোগ গ্রহণ করতে হবে। কার্যক্রমের স্থিরচিত্র ধারণ করতে হবে। | উপ-মহাব্যবস্থাপক (সা.ক.শা), বিপিসি |
| ২.০২ | **৪র্থ শ্রেণির কর্মচারীদের দাপ্তরিক পোশাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করাঃ** বিপিসি'র প্রধান কার্যালয়ের ৪র্থ শ্রেণির কর্মচারীদের দাপ্তরিক পোশাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিপিসি'র প্রধান কার্যালয়ের ৪র্থ শ্রেণির কর্মচারীদের দাপ্তরিক পোশাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করতে হবে। | উপ-মহাব্যবস্থাপক (সা.ক.শা), বিপিসি |
| ২.০৩ | **সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণঃ** সংস্থায় ব্যবহৃত গাড়ীর জ্বালানি ব্যবহারে সাশ্রয়ী ও সচেতন থাকার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। সাধারণ কর্ম শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক নিয়মিত লগ বই পরীক্ষণপূর্বক স্বাক্ষর প্রদানের বিষয়ে আলোচনা হয়। | সাধারণ কর্ম শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক নিয়মিত লগ বই পরীক্ষণপূর্বক স্বাক্ষর প্রদান এবং এ সংক্রান্ত প্রমাণক দাখিল করতে হবে। | উপ-মহাব্যবস্থাপক (সা.ক.শা), বিপিসি |
| ২.০৪ | **ডিপোসমূহের ট্যাংক ক্যালিব্রেশন হালনাগাদঃ** ২০২৪-২০২৫ অর্থ বছরে শুদ্ধাচার কর্মপরিকল্পনায় সহায়ক কার্যক্রমের অংশ হিসেবে পৃথক দুটি ডিপোর সকল ট্যাংক ক্যালিব্রেশন করার বিষয়ে সভায় আলোচনা হয়। বিপণন কোম্পানিসমূহের যে সকল ট্যাংক এর ক্যালিব্রেশন অবশিষ্ট রয়েছে সেগুলো ক্যালিব্রেশন করার বিষয়ে আলোচনা হয়। | ২০২৪-২০২৫ অর্থ বছরে বিপণন কোম্পানিসমূহের দুটি ডিপোর সকল ট্যাংক এর ক্যালিব্রেশন করতে হবে এবং ক্যালিব্রেশন রিপোর্ট বিপিসিতে প্রেরণ করতে হবে। ত্রৈমাসিক ভিত্তিতে সংশ্লিষ্ট কোম্পানি অগ্রগতি প্রতিবেদন দাখিল করবে। | উর্ধ্বতন মহাব্যবস্থাপক (বাঃ ও অপাঃ), বিপিসি এবং বিপিসি'র অধীনস্থ সকল কোম্পানি |
| ২.৫ | **ভেজাল বিরোধী অভিযানঃ ২০২৪-২০২৫** অর্থ বছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী সংস্থার অধীনস্থ কোম্পানিসমূহ ও সংশ্লিষ্ট প্রশাসনের সাথে সমন্বয় করে ফিলিং স্টেশনগুলোতে ভেজাল বিরোধী অভিযান অব্যাহত রাখার বিষয়ে সভায় আলোচনা হয়। | ২০২৪-২০২৫ অর্থ বছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী বিপিসি কর্তৃক প্রণীত কমিটিসমূহ সংশ্লিষ্ট কোম্পানি ও স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে ফিলিং স্টেশনগুলোতে ভেজাল বিরোধী অভিযান অব্যাহত রাখবে। পরিদর্শন সংক্রান্ত প্রতিবেদন ত্রৈমাসিক ভিত্তিতে চেয়ারম্যান মহোদয়ের নিকট প্রমাণক হিসেবে দাখিল করবে। | মহাব্যবস্থাপক (বন্টন ও বিপণন), বিপিসি এবং বিপিসি'র অধীনস্থ বিপণন কোম্পানি |

| ক্র.নং | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ/শাখা |
|---|---|---|---|
| ২.৬ | **বিপিসি'র উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক তেল খালাস কার্যক্রম পরিবীক্ষণঃ** বিপিসি'র উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক যেকোন দুটি তেল খালাস কার্যক্রম পরিবীক্ষণের বিষয়ে সভায় আলোচনা হয়। | বিপিসি'র উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক যেকোন দুটি তেল খালাস কার্যক্রম পরিবীক্ষণ করতে হবে। | উর্ধ্বতন মহাব্যবস্থাপক (বাঃ ও অপাঃ), বিপিসি |
| ২.৭ | **প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করাঃ** সভাপতি ২০২৪-২০২৫ অর্থ বছরের শুদ্ধাচার পরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করার নির্দেশনা প্রদান করেন। | প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করবে। | মহাব্যবস্থাপক (পরিঃ ও উন্নঃ), বিপিসি |
| ২.৮ | **সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা আয়োজনঃ** ২০২৪-২০২৫ অর্থ বছরে শুদ্ধাচার কর্মপরিকল্পনায় সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে মোট ০৪টি সভা আয়োজন করার লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। এ প্রেক্ষিতে প্রতি কোয়ার্টারে ১টি করে অংশীজন সভা আবশ্যিকভাবে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের নির্দেশনা অনুযায়ী আয়োজনের বিষয়ে সভায় আলোচনা হয়। | ২০২৪-২০২৫ অর্থ বছরে শুদ্ধাচার কর্মপরিকল্পনায় সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত প্রতি কোয়ার্টারে ১টি করে অংশীজন সভা আবশ্যিকভাবে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের নির্দেশনা অনুযায়ী আয়োজন করতে হবে। | উর্ধ্বতন মহাব্যবস্থাপক (বাঃ ও অপাঃ), বিপিসি এবং মহাব্যবস্থাপক (বঃ ও বিপঃ), বিপিসি এবং |
| ২.৯ | **বিবিধঃ** নৈতিকতা কমিটি বিপিসি ও সকল কোম্পানিসমূহের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদের জন্য নির্দেশনা প্রদান করেন। | বিপিসি ও সকল কোম্পানিসমূহের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করতে হবে। | বিপিসি'র অধীনস্থ বিপণন কোম্পানি, উপ-মহাব্যবস্থাপক (এমআইএস), বিপিসি |

৩। পরিশেষে, সভাপতি কর্পোরেশনের কর্মপরিবেশ উন্নতি এবং স্বচ্ছ রাখার লক্ষ্যে যে কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে তা বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট থাকার জন্য নির্দেশনা প্রদান করেন। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ দিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

22.08.24

(মোঃ আমিন উল আহসান)
চেয়ারম্যান (সচিব)

নং: ২৮.০৩.০০০০.০৮২.০৪.০০২.২৩.৯৫৮ তারিখঃ২২/০৮/২০২৪

<u>সদয় অবগতি/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১। পরিচালক (অপাঃ ও পরিঃ/ অর্থ/ বিপণন), বিপিসি।
২। উর্ধ্বতন মহাব্যবস্থাপক/মহাব্যবস্থাপক(হিসাব/বাঃ ও অপাঃ/বঃ ও বিপঃ/ নিরীক্ষা/অর্থ/পরিঃ ও উন্নঃ/পিটিসিপিএলসি), বিপিসি।
৩। ব্যবস্থাপনা পরিচালক (এলপিজিএল/জেওসিএল/ইআরএল/পিওসিএল/এমপিএল/ইএলবিএল/), চট্টগ্রাম।
৪। প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও), এসএওসিএল, চট্টগ্রাম।
৫। উপ-মহাব্যবস্থাপক (এমআইএস), বিপিসি (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
৬। উপ-মহাব্যবস্থাপক (সা.ক.শা), বিপিসি ।
৭। সংশ্লিষ্ট নথি/মাস্টার ফাইল।

22.08.24

(মুহম্মদ আশরাফ হোসেন)
সচিব

# বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

বিপিসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।

বিপিসি'র চেয়ারম্যান জনাব মোঃ আমিন উল আহসান এর সভাপতিত্বে ২১/০৮/২০২৪ তারিখ বেলা ১১.১৫ ঘটিকায় অনুষ্ঠিত বিপিসি'র নৈতিকতা কমিটির ১ম সভার উপস্থিতিঃ

**বিপিসিঃ**

| ক্রমিক | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১। | জনাব অনুপম বড়ুয়া | পরিচালক (অপাঃ ও পরিঃ) | |
| ২। | জনাব মোঃ আবদুল মতিন | পরিচালক (অর্থ) | |
| ৩। | জনাব কবীর মাহমুদ | পরিচালক (বিপণন) | |
| ৪। | জনাব মুহম্মদ আশরাফ হোসেন | সচিব | |
| ৫। | জনাব এ টি এম সেলিম | উর্ধ্বতন মহাব্যবস্থাপক(হিসাব/বাঃ ও অপাঃ) | |
| ৬। | জনাব মোঃ আবুল কালাম আজাদ | মহাব্যবস্থাপক (বঃ ও বিপঃ/নিরীক্ষা) | |
| ৭। | জনাব মণি লাল দাশ | মহাব্যবস্থাপক(অর্থ) | |
| ৮। | জনাব ইঞ্জিঃ মোঃ আমীর মাসুদ | মহাব্যবস্থাপক(পরিঃ ও উঃ) | |
| ৯। | মোঃ জাহিদ হোসাইন | উপ-মহাব্যবস্থাপক (হিঃ ও অপাঃ) | |
| ১০। | | | |
| ১১। | | | |
| ১২। | | | |
| ১৩। | | | |
| ১৪। | | | |
| ১৫। | | | |

**অধীনস্থ কোম্পানিসমূহঃ**

| ক্রমিক | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১। | জনাব মোঃ ইউসুফ হোসেন ভূঁইয়া | ব্যবস্থাপনা পরিচালক (এলপিজিএল) | |
| ২। | জনাব মুস্তফা কুদরুত-ই-ইলাহী | ব্যবস্থাপনা পরিচালক (জেওসিএল) | |
| ৩। | জনাব মোঃ লোকমান | ব্যবস্থাপনা পরিচালক (ইআরএল) | |

| ক্রমিক | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ৪। | জনাব মোঃ টিপু সুলতান | ব্যবস্থাপনা পরিচালক (এমপিএল) | [signature] ২০/৮/২৪ |
| ৫। | জনাব মোঃ আবদুস সোবহান | ব্যবস্থাপনা পরিচালক (পিওসিএল) | [signature] ২২/৮/২৪ |
| ৬। | জনাব মোহাম্মদ শহীদুল আলম | ব্যবস্থাপনা পরিচালক (ইএলবিএল) | [signature] ২১/৮/২০২৪ |
| ৭। | জনাব রায়হান আহমাদ | ব্যবস্থাপনা পরিচালক (পিটিসিপিএলসি) | [signature] 21.08.24 |
| ৮। | মো: [illegible] | DGM (P&S), BRL | [signature] |
| ৯। | | | |
| ১০। | | | |
| ১১। | | | |
| ১২। | | | |
| ১৩। | | | |
| ১৪। | | | |
| ১৫। | | | |
| ১৬। | | | |
| ১৭। | | | |